# Alankar

## AHBNG-201C-4 SEMESTER-2 (HONS)

# শব্দালঙ্কার -শ্রেণিবিন্যাস

UJJWAL PRAMANIK SACT-1
DEPARTMENT OF BENGALI, SALTORA NETAJI CENTENARY COLLEGE


অলম্
+
কার
ভূষণ বা গহণা

কাব্যকে সৌন্দর্যমণ্ডিত করে তোলার জন্য, সুষমামণ্ডিত কয়রে তোলার জন্য কবিরা তাঁদের কাব্য কবিতার অন্তরে এবং বাইরে যে ভূষণ  প্রয়োগ করে থাকেন যা সহৃদয় হৃদয়বান পাঠকের চিত্তে জগায় রস তাকে অলংকার বলে।


নারীদেহ= কাব্যদেহ
বাহিরের রূপ=
শব্দালঙ্কারন্তর
অন্তরের রূপ=
অর্থালঙ্কার

**শব্দালংকার:-** শব্দের বহিরঙ্গ ধ্বনির আশ্রয়ে যে কাব্য সৌন্দর্যের সৃষ্টি হয় তাকে বলে শব্দালংকার।

**অর্থালংকার:-** শব্দের অন্তরঙ্গ অর্থের আশ্রয়ে যে কাব্য সৌন্দর্যের সৃষ্টি হয় তাকে অর্থালংকার বলে।

## শব্দালংকার ও অর্থালংকারের মধ্যে পার্থক্য :

ক) শব্দালংকারের আবেদন আমাদের কানের কাছে। অর্থালংকারের আবেদন আমাদের বুদ্ধির কাছে।

খ) শব্দালংকারে বাক্যের সংগীত ধর্মের প্রকাশ। অর্থালংকারে তার চিত্রধর্মের প্রকাশ।

গ) শব্দালংকার শব্দের পরিবর্তন সহ্য করতে পারে না। অর্থালংকারে শব্দ পরিবর্তনে কোনো ক্ষতি হয় না।

# শব্দালংকারের শ্রেণিবিভাগ :

- অনুপ্রাস
- যমক
- শ্লেষ
- বক্রোক্তি
- পুনরুক্তবদাভাস

**অনুপ্রাস:**

"গুরু গুরু মেঘ গুমরি গুমরি
গরজে গগনে গগনে,
গরজে গগনে।

'গ' ধবনির অনুপ্রাস

**যমক:**

মাটির ভয়ে রাজ্য হবে মাটি
দিবসরাতি রহিলে আমি বন্ধ।

– এখানে 'মাটি' একটি শব্দ যা দুইবার ব্যবহৃত কিন্তু অর্থ ভিন্ন।

**শ্লেষ:**

আনিলা তোমার স্বামী বান্ধি নিজ গুণে

– এখানে 'গুণে' শব্দ- এর একটি অর্থ ধনুকের ছিলায় আর অন্য অর্থ সুন্দর চারিত্রিক বৈশিষ্ট্য বা গুণ।

**বক্রোক্তি:**

দেখি, দে-তো, এই কথাটার উত্তর দে দেখি
– তোরা দক্ষিনের লোক,উত্তরের কী জানিস?

বক্তা বুঝিয়েছে প্রশ্নের উত্তর, আর শ্রোতা বুঝেছেন উত্তর দিকের কথা।

ধন্যবাদ